# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


মুজিব শতবর্ষ MUJIB 100

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৫৫৮

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯ / ২৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ প্রসঙ্গে**

সূত্র:- ১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮.৯২৮; তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২২
২. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০১.২০২১.২৫৭; তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ১২ অক্টোবর, ২০২২ তারিখ রোজ বুধবার একাদশ জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান, প্রতিষ্ঠানের স্থাপনা/অঙ্গন ভোট কেন্দ্র হিসেবে ব্যবহার এবং সূত্রোক্ত ২ নং স্মারকে উল্লিখিত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণপূর্বক অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের নিমিত্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট এলাকার মাদ্রাসাসমূহের অধ্যক্ষ/সুপার/শিক্ষক/কর্মচারীকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ (তিন) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬.০৯.২০২২

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার/শিক্ষক/কর্মচারী,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সংশ্লিষ্ট এলাকার মাদ্রাসাসমূহ।

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৫৫৮ (৮)

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯ / ২৬ সেপ্টেম্বর ২০২২

**সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট এলাকা);
২. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৩. জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
(তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৬. সভাপতি/সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং/এডহক/নির্বাহী/ট্রাস্ট কমিটি,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট মাদ্রাসাসমূহ;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৬/৯/২২

**(মোঃ ওমর ফারুক)**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২-৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

E:\Admin\Manik\Madrasha Letter\১৮.৯২৮ Election Help.Docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

একটাই লক্ষ্য
হতে হবে দক্ষ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮.৯২৮

তারিখঃ ০৬ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শুন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০১.২০২১.২৫৭; তারিখ: ০৮.০৯.২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শুন্য আসনের নির্বাচনে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শুন্য আসনের নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধিমোতাবেক পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের লক্ষ্যে এ বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তা/শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীগণের প্রতি নির্দেশনা জারির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।

D/A
২২-৯-২২

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
৯২
নিয়ন্ত্রক
...রার প্রশাসন/কল্যাণ
...ক্ষা নিয়ন্ত্রক গোপ/পরীক্ষা
...রক্ষণ কর্মকর্তা
...কম্পিউটার কেন্দ্র
...-সহকারী প্রকৌশলী
২২/৯/২২

21/9/2022
(মো: কামরুল হাসান)
উপসচিব
☎: ৫৫১০০৪১৬
(প্রশাসন ও সংস্থাপন)
Email: dsadmin@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা
৫. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়া
৬. অধ্যক্ষ, মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, (বিএমটিটিআই), বোর্ড বাজার, ঢাকা

অনুলিপি (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
২. উপসচিব, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. অফিস কপি


E:\Satyen Admin\LETTER\ELECTION COMMISSION=LETTER.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
ডায়েরি নম্বর: 2250 14 SEP 2022

২৪ ভাদ্র ১৪২৯

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০১.২০২১.২৫৭ তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ।**

সূত্র:

(১) নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৬.২১.২৮১ তারিখ: ০১.০৯.২০২২

(২) নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৬.২১.২৮২ তারিখ: ০১.০৯.২০২২

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী একাদশ জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচন আগামী ১২ অক্টোবর ২০২২ বুধবার অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ যাতে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেন এবং কর্তব্য সম্পাদনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করেন, সে বিষয়ে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

০২। নির্বাচন কমিশন সচিবালয় জানিয়েছে যে, নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের জন্য বিভিন্ন সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করা হবে। বিভিন্ন পর্যায়ের সরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ নির্বাচনের কাজে প্রত্যক্ষভাবে দায়িত্বপ্রাপ্ত হবেন। এছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গন ভোটকেন্দ্র হিসেবে এবং ঐ সকল প্রতিষ্ঠানের আসবাবপত্র নির্বাচনের কাজে ব্যবহৃত হবে।

০৩। এ প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের জন্য জারিকৃত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকুরি ও নিয়ন্ত্রণ এবং ৫ ও ৬ ধারায় শৃঙ্খলামূলক বিধানাবলি বিধৃত রয়েছে।

০৪। উল্লেখ্য, নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব অর্পিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী 'নির্বাচন কর্মকর্তা' হিসেবে বিবেচিত হবেন এবং উক্ত দায়িত্ব পালনের জন্য তিনি নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। ভোটগ্রহণের জন্য সাময়িকভাবে নিযুক্ত বিভিন্ন স্তরের সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান ও বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি সকলেই নির্বাচন কর্মকর্তা। সুতরাং নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা অসদাচরণের অভিযোগে অভিযুক্ত হবেন এবং তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৫ অনুসারে সরকারের নির্বাহী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সকলের কর্তব্য।

০৬। এমতাবস্থায়, (ক) উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের আওতাধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
তারিখ- 15 SEP 2022

(খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকাগণের প্রতিও অনুরূপ নির্দেশনা জারি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।